


মুখবন্ধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাথে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অত্যাবশ্যকীয় কার্যক্রমসমূহের অংশ হিসেবে প্রতি বছরের মত অর্থ বিভাগের 'বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯' প্রণয়ন ও প্রকাশ করা হলো। প্রকাশনাটিতে অর্থ বিভাগের সকল অনুবিভাগ, মনিটরিং সেল, 'মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক' এর কার্যালয় এবং 'হিসাব মহানিয়ন্ত্রক' এর কার্যালয়ের উল্লেখযোগ্য কার্যক্রম ও অর্জনসমূহ তুলে ধরা হয়েছে। এতে অর্থ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের এবং রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন কর্মসূচিসমূহের সংক্ষিপ্ত বিবরণ অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া, আয় বৈষম্য নিরসন এবং বিশেষ চাহিদা সম্পন্নদের উন্নয়নে বর্তমান সরকার কর্তৃক ধারাবাহিকভাবে গৃহীত বিভিন্ন কার্যক্রমের উল্লেখ ও বরাদ্দের তথ্যসহ এ বছরের বাজেট হাইলাইটস প্রতিবেদনে প্রথমবারের মত অন্তর্ভুক্ত করা হয়েছে।

অর্থ বিভাগ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগসমূহের সার্বিক সহযোগিতায় প্রতি অর্থবছরের জাতীয় বাজেট প্রণয়ন, সামষ্টিক অর্থনীতির গতি-প্রকৃতির ধারাবাহিক পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং অর্থনীতির খাতসমূহে সম্পদের যথাযথ বন্টনসহ প্রাপ্ত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের জন্য আর্থিক নীতি ও অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান প্রণয়ন এবং প্রয়োজনীয় আর্থিক সংস্কার কার্যক্রম সম্পন্ন করে থাকে। এছাড়া, সরকারের বিভিন্ন স্বায়ত্তশাসিত ও রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানের বাজেট এবং আর্থিক বিধিমালা প্রণয়ন এবং সরকারি ব্যয় ব্যবস্থাপনা বিষয়ক যাবতীয় কার্যাবলীও অর্থ বিভাগ সম্পাদন করে থাকে।

অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন, সম্পাদন ও প্রকাশনার সাথে সংশ্লিষ্ট। ধৈর্য ও নিষ্ঠার সাথে যথাসময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশনার কাজটি সম্পন্ন করায় অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া, বার্ষিক প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য/উপাত্তসমূহ সরবরাহ করে যারা সহায়তা করেছেন তাঁদের সকলের প্রতি আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছি।


৭/২০/১৯
আসদুর রউফ তালুকদার
অর্থ সচিব